

২৭ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

সোন্ড্রা এইচ. পীডেন (Sondra H. Peeden) (I)

আমার নাম Sondra Peeden এবং ২৭তম কাউন্সিল ডিস্ট্রিক্টে প্রথম নির্বাচিত মহিলা হওয়ার সৌভাগ্য অর্জনের সুযোগ নিতে আগ্রহী। আমার জীবনের অধিকাংশ সময় ধরে আমি সাইথইস্ট কুইন্সকে ভালবাসি এবং সেইন্ট এলব্যানস এ বসবাস করি। ২০ বছর ধরে সরকারী চাকুরী করার পর আমি বুঝতে পারছি কেমন করে নিউইয়র্ক সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টের অধিবাসীদের জন্যই কাজ করবো বরং নিউইয়র্ক সিটির সকল নাগরিকের জন্য। আমাদের সামনে সে সব সমস্যা রয়েছে তা মোকাবেলার জন্য আমাদের প্রয়োজন প্রাতিষ্ঠানিক জ্ঞান, একটা সতেজ দৃষ্টিভঙ্গি এবং সকলের সাথে মিলে কাজ করার যোগ্যতা সম্পন্ন নির্বাচিত ব্যক্তিদের। ২৭তম কাউন্সিল ডিস্ট্রিক্ট সিটি হলে এমন কাউকে চায়, যার মধ্যে জ্ঞান, অভিজ্ঞতা এবং সমস্যার সমাধান খুঁজে বের করার সক্ষমতা রয়েছে। আমি শ্রম, বেসরকারী শিল্প সেক্টরকে সমর্থন দেবো এং সরকারী বেসরকারী যৌথ উদ্যোগকে এগিয়ে নেবো। আমি কাজ করবো: সবুজায়ন শিল্প, যন্ত্রাংশ উপাদিত শিল্প, খন্ডকালীন কর্মসংস্থান, সাউথইস্ট কুইন্সকে একটা খুচরা ও পাটকারী ব্যবসা কেন্দ্রে পরিণত করতে। আমাদের কমিউনিটির সব চেয়ে ক্ষনভংগুর ও দুর্বলতমদেরকে সুবক্ষা করতে এগিয়ে চলা, বিশ্বে সাথে পাল্লা দিয়ে চলতে আমাদের সন্তানদেরকে উপযোগী করে তুলতে শিক্ষা বিভাগকে পুনর্বিন্যাস করা প্রয়োজন। কুইন্টা কাউন্সিলে হাসপাতাল বেডের অপ্রতুলতা এবং আমাদের কমিউনিটিতে স্বাস্থ্য সেবার বৈষম্য রয়েছে। আমি অঙ্গিকার করছি যে, সকলের কথাই শুনবো, আমাদের কমিউনিটি ও সিটিকে সংরক্ষণ ও পরিবর্তনের মাধ্যমে সবার জন্য একটা আরও উত্তম জায়গায় পরিণত করবো। ২০১৩ এর সেপ্টেম্বরের ১০ তারিখে, আমি আশাকরি আপনারা আমাকে ভোট দিবেন, Sondra Peeden.

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছে না।*